



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৮৫.১৫- ৪৯৪

তারিখ: ৩১ আষাঢ় ১৪২৮।  
১৫ জুলাই ২০২১।

**বিষয়: নওগাঁ জেলার সাপাহার উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুরের চারপাশে হাঁটার রাস্তা নির্মাণসহ সৌন্দর্যবর্ধনের প্রস্তাব প্রেরণ।**

- সূত্র-০১: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সাপাহার, নওগাঁ-এর স্মারক নং-১২৪০; তারিখ: ০৪ নভেম্বর ২০১৯।  
সূত্র-০২: স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা-এর স্মারক নং-৩৭১; তারিখ: ১৫ মার্চ ২০২০।  
সূত্র-০৩: জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ-এর স্মারক নং-৩৯৬; তারিখ: ০১ এপ্রিল ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নওগাঁ জেলার সাপাহার উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ২৬,৯৪,৮২৬/- (ছাষিশ লক্ষ চুরানব্বই হাজার আটশত ছাষিশ) টাকা ব্যয়ে উপজেলা পরিষদের অভ্যন্তরের পুকুরের চারপাশে হাঁটার রাস্তা নির্মাণসহ সৌন্দর্যবর্ধনের প্রস্তাব অনুমোদনের জন্য সূত্রোক্ত-০১ নং স্মারকের মাধ্যমে অনুরোধ করা হয়। সূত্রোক্ত-০২ নং স্মারকের মাধ্যমে উক্ত প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে সরেজমিন পরিদর্শনপূর্বক প্রকল্প বাস্তবায়নের আবশ্যিকতা রয়েছে কিনা; সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁকে অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে সূত্রোক্ত-০৩ নং স্মারকের মাধ্যমে পরিদর্শনপূর্বক উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত পুকুরের চারদিকে হাঁটার রাস্তা, প্যালাসাইডিং, বসার সিট নির্মাণসহ রঙিন গার্ডেন লাইট স্থাপনের লক্ষ্যে ৪৭,০২,২৭৭/- (সাতচল্লিশ লক্ষ দুই হাজার দুইশত সাতাত্তর) টাকা ব্যয়ে প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদনের জন্য অনুরোধ করা হয়। যা পূর্বের প্রস্তাবের সাথে মিল নেই।

০২। এমতাবস্থায়, নওগাঁ জেলার সাপাহার উপজেলা পরিষদের অভ্যন্তরে পুকুরের চারদিকে হাঁটার রাস্তা, প্যালাসাইডিং, বসার সিট নির্মাণসহ রঙিন গার্ডেন লাইট স্থাপনের প্রস্তাব অনুমোদনের লক্ষ্যে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত গ্রহণসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মমতাজ বেগম ১৫/০৭/২০২১

সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৬২২৪৭  
E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার  
সাপাহার, নওগাঁ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাপাহার, নওগাঁ।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাপাহার, নওগাঁ।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।